

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

www.dshe.gov.bd



স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৫.৩১.২২৭.১৮/৩৬০৫/৬

তারিখ: ০৬/০৪/১৪২৬ বঙ্গাব্দ
১৫/০৮/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: চাঁপাইনবাবগঞ্জ জেলার ভোলাহাট উপজেলাধীন জামবাড়ীয়া ডিগ্রী কলেজের অধ্যক্ষ জনাব মো: শাহাবুদ্দীন এর এমপিওভুক্তি।
সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের পত্র স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৭.০২৯.০০৪.২০১৮.১০০, তারিখ: ১৭-০৪-২০১৯খ্রি.।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চাঁপাইনবাবগঞ্জ জেলার ভোলাহাট উপজেলাধীন জামবাড়ীয়া ডিগ্রী কলেজে শূণ্য পদে অধ্যক্ষ নিয়োগের জন্য ২৫/০১/২০১৮খ্রি. তারিখে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। অধ্যক্ষ পদে ০৯/০৬/২০১৮খ্রি. তারিখে নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হয়। নিয়োগ পরীক্ষায় প্রথম স্থান অর্জনকারী জনাব মো: শাহাবুদ্দীন ১১/১০/২০১৮ খ্রি. তারিখে অধ্যক্ষ পদে যোগদান করেন। অধ্যক্ষ কর্তৃক এমপিওভুক্তির আবেদনের প্রেক্ষিতে বিষয়টি যাচাইপূর্বক আইন অনুযায়ী নিষ্পত্তি করার জন্য শিক্ষা মন্ত্রণালয় সূত্রোক্ত পত্র প্রেরণ করেন।

কলেজটি উচ্চমাধ্যমিক পর্যায়ে এমপিওভুক্ত প্রতিষ্ঠান। শিক্ষা মন্ত্রণালয় হতে ২৮/০৮/২০১৮খ্রি. তারিখে (স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০১.২০১৭.৩৫৯) বেসরকারি উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও উচ্চ মাধ্যমিক কলেজের অধ্যক্ষ পদে এবং ডিগ্রী কলেজের উপাধ্যক্ষ পদে নিয়োগের সকল কার্যক্রম স্থগিত রাখার জন্য পরিপত্র জারি করা হয়। পরবর্তীতে ২৫/০২/২০১৯খ্রি. তারিখে (স্মারক-৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০১.২০১৭.৫৯) শিক্ষা মন্ত্রণালয় বেসরকারি উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও উচ্চ মাধ্যমিক কলেজের অধ্যক্ষ পদে এবং ডিগ্রী কলেজের উপাধ্যক্ষ পদে নিয়োগের জন্য অধ্যক্ষ এবং উপাধ্যক্ষের শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা পুন:নির্ধারণ করে পরিপত্র জারি করা হয়। জনাব মো: শাহাবুদ্দীন এর অধ্যক্ষ পদে নিয়োগ এবং এ বিষয়ে মন্ত্রণালয়ের পরিপত্রের বিবরণ:

| বিজ্ঞপ্তি প্রকাশ | নিয়োগ পরীক্ষা | শিক্ষা মন্ত্রণালয়ের নিয়োগ নিষেধাজ্ঞা | নিয়োগপত্র প্রদান | যোগদান | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সংশোধনপূর্বক অধ্যক্ষ/উপাধ্যক্ষ নিয়োগে নতুন পরিপত্র জারি |
|------------------|----------------|--|-------------------|------------|--|
| ২৫/০১/২০১৮ | ০৯/০৬/২০১৮ | ২৮/০৮/২০১৮ | ০৯/১০/২০১৮ | ১১/১০/২০১৮ | ২৫/০২/২০১৯ |

এমতাবস্থায়, শিক্ষা মন্ত্রণালয়ের ২৮/০৮/২০১৮খ্রি. তারিখের বেসরকারি উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও উচ্চ মাধ্যমিক কলেজের অধ্যক্ষ পদে এবং ডিগ্রী কলেজের উপাধ্যক্ষ পদে নিয়োগের সকল কার্যক্রম স্থগিত রাখার নিষেধাজ্ঞার আদেশের পর জনাব মো: শাহাবুদ্দীন এর অধ্যক্ষ পদে যোগদান করায় তাঁর এমপিওভুক্তির কোন সুযোগ নেই।

বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।



(ফারহান আক্তার)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০

জনাব মো: শাহাবুদ্দীন

অধ্যক্ষ

জামবাড়ীয়া ডিগ্রী কলেজ, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ২। সভাপতি, পরিচালনা পরিষদ, জামবাড়ীয়া ডিগ্রী কলেজ, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।
- ৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ৪। জেলা শিক্ষা অফিসার, চাঁপাইনবাবগঞ্জ।
- ৫। উপজেলা মাধ্যমিক অফিসার, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।
- ৬। সংরক্ষণ নথি।